দৈনিক বাংলা

...০৫২

তারিখ 21 DEC 1988
পৃষ্ঠা ৩ কলাম ১

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে বাণিজ্য অনুষদের অন্তর্গত ১ম বর্ষ বিবিএ সম্মান কোর্সের

# ভর্তি বিজ্ঞপ্তি

০৮-১২-৮৮ ইং
তারিখ : ———
২৪-০৮-৯৫ বাং

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলকে জানান যাইতেছে যে অত্র বিশ্ববিদ্যালয়ে ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে বাণিজ্য অনুষদের অন্তর্গত হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগে ১ম বর্ষ বিবিএ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য ১২-১২-৮৮ ইং তারিখ হইতে ২২-১২-৮৮ ইং পর্যন্ত নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিকট হইতে ভর্তির প্রাথমিক আবেদনপত্র বাণিজ্য অনুষদের ডীন অফিসে (গ-ইউনিট) গ্রহণ করা হইবে। নির্দেশিকা বইসহ প্রতিটি আবেদনপত্রের মূল্য ৬০/- (ষাট) টাকা মাত্র। অগ্রণী ব্যাংক, বিশ্ববিদ্যালয় শাখা অথবা চট্টগ্রাম শহরস্থ শেখ মুজিব সড়কে (আগ্রাবাদ) অবস্থিত অগ্রণী ব্যাংক হইতে উক্ত ভর্তি নির্দেশিকা বই ও প্রাথমিক আবেদনপত্র নগদ ৬০/- টাকা মূল্য প্রদান করিয়া সংগ্রহ করা যাইবে। ডাকযোগে কোন ভর্তি ফরম বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

### ভর্তির ন্যূনতম যোগ্যতা :

বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের বাণিজ্য গ্রুপ হইতে ১৯৮৭ বা ১৯৮৮ সালে উচ্চ মাধ্যমিক অথবা বাংলাদেশের কারিগরি শিক্ষা বোর্ডের ১৯৮৭ বা ১৯৮৮ সালের ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা মাধ্যমিক ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে, তাহারা গ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

অথবা

বাংলাদেশের যেকোন শিক্ষা বোর্ডের বিজ্ঞান অথবা মানবিক গ্রুপ হইতে ১৯৮৭ বা ১৯৮৮ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহারা মাধ্যমিক ও অংক বিষয় লইয়া বিজ্ঞান গ্রুপ হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষা/অর্থনীতি বিষয় লইয়া মানবিক গ্রুপ হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষা কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে তাহারা গ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

বিশেষ দ্রষ্টব্য : (১) বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের অন্তর্গত ১ম বর্ষ বিবিএ সম্মান কোর্স ছাড়া অন্য কোন সম্মান বিষয়ে ভর্তির অযোগ্য। (২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা এই দুইটি পরীক্ষায় সমমান হিসাবে অনুমোদিত যেকোন একটি পরীক্ষা/৩য় বিভাগে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা উক্ত সম্মান শ্রেণীতে ভর্তির অযোগ্য।

### বিশেষ জ্ঞাতব্য বিষয় :

১। ভর্তির প্রাথমিক আবেদনপত্রের সঙ্গে ভর্তি প্রার্থীর সাম্প্রতিক তোলা ২ (দুই) কপি পাসপোর্ট আকারের প্রত্যায়িত ফটো এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা ইহার সমতুল্য হিসাবে অনুমোদিত পরীক্ষা পাসের নম্বর ফর্দের প্রত্যায়িত ফটোকপিসমূহ উক্ত সময়ের মধ্যে বাণিজ্য অনুষদের ডীন অফিসে জমা দিতে হইবে। স্কুল অথবা কলেজ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দ ভর্তির ব্যাপারে বিবেচনা ও গ্রহণ করা হইবে না।

২। ভর্তির প্রাথমিক আবেদনপত্র বাণিজ্য অনুষদের ডীন অফিসে জমা করিয়া সঙ্গে সঙ্গে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে। ভর্তি পরীক্ষায় প্রবেশপত্র ছাড়া কোন ভর্তি প্রার্থীকে ভর্তি পরীক্ষা দেওয়ার অনুমতি দেওয়া হইবে না।

৩। সকল ভর্তি প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। ভর্তি পরীক্ষা উত্তীর্ণ ছাত্র/ছাত্রীকে তাহাদের মেধাক্রম অনুসারে নির্ধারিত আসনে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি করা হইবে। যাহারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবে না বা ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হইবে না, তাহাদিগকে ভর্তি করা হইবে না।

৪। ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচার করা হইবে।

৫। ভর্তি সম্পর্কিত সমস্ত বিস্তারিত নিয়মাবলী ও তথ্যাবলী বাণিজ্য অনুষদের ডীনের অফিস হইতে সংগ্রহ করিতে হইবে।

৬। উপজাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির সংরক্ষিত আসনে উপজাতীয় ছাত্র/ছাত্রীদিগকে [illegible] করানোর জন্য ভর্তির উপরোক্ত যোগ্যতা শিথিল করা হইয়াছে। এই তথ্য বাণি[illegible] ডীন অফিস হইতে সংগ্রহ করা যাইবে।

জি—৪৫২৪